

এই প্রশ্নপত্রটিতে 30 টি প্রশ্ন [বিভাগ-ক (20) + বিভাগ-খ (5) অথবা বিভাগ-গ (5)] এবং 8 টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং

[illegible]

Code No. 52/SS/A/B

কোড নং

সেট **A**

বাংলা
(303)

পরীক্ষার দিন ও তারিখ

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর

1. _____

2. _____

সাধারণ নির্দেশাবলী :

- 1 পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।
- 2 দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।
- 3 উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গন্য হবে।
- 4 আপনার প্রশ্নপত্রের কোড নং **52/SS/A/B** এবং **Set-A** টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।



বাংলা
(303)

সময় : 3 ঘন্টা]

[পূর্ণমান : 100

নির্দেশাবলি :

- (i) এই প্রশ্নপত্রের 'ক', 'খ' এবং 'গ' বিভাগ আছে।
- (ii) বিভাগ 'ক'-এর সমস্ত প্রশ্নের উত্তর লেখা আবশ্যিক।
- (iii) বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ' এর উত্তর লিখতে হবে।
- (iv) বিভাগ 'ক'-এর জন্য 85 ও বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ'-এর জন্য 15 মান নির্দিষ্ট।

বিভাগ - ক

(নির্দেশ্য অনুযায়ী সমস্ত প্রশ্নের উত্তর লিখতে হবে)

- 1 (ক) নিম্নলিখিত কাব্যংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন :

4

সেইরূপে ভাষা-পথ খননি স্ব বলে,
ভারত-রসের স্রোতঃ আনিয়াছুমি
জুড়াতে গৌড়ের তৃষা সে বিমলজলে।
নারিবে শোধিতে ধর, কভু গৌড়ভূমি।
মহাভারতের কথা অমৃত-সমান।
হে কাশি, কবীলনদলে তুমি পূর্ণ্যবান।

অথবা

নাজমা দ্যাখো এই ছবিটা কার ?
"এই ছবিটা ? মানুষ নাকি এটা -"
নাজমা বলে, "নাঃ চিনিনাএকে।"
নাজমা, তবে এই যে স্কুটারখানা
এই নম্বর, এইটে চেনো নাকি ?
হাহাকারের দুরন্ত ঝড়তুলে
জ্ঞান হারিয়ে আছড়ে পড়ে মেয়ে -

- (খ) নিম্নলিখিত পংক্তিগুলির কাব্য সৌন্দর্য স্পষ্ট করুন :

2

সেখানে লেবুর শাখানুয়ে থাকে অন্ধকার ঘাসের উপর;
সুদর্শন উড়ে যায় ঘরে তার অধীকার সন্ধ্যায় বাতাসে;
সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের 'পর -
শঙ্খমালা নাম তার, এ-বিশাল পৃথিবীর কোনো নদী, ঘাসে
তারে আর খুঁজে পাবেনাকো - বিশালক্ষী দিয়েছিল বর,
তাই সে জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর।

2 নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্য থেকে বেছেনিয়ে দুটি প্রশ্নের উত্তর 30-35 টি শব্দের মধ্যে লিখুন : 2×2=4

- (i) কাজীনজরুল ইসলাম 'নারী' কবিতায় পুরুষ ও নারীর মধ্যে সামাজিক ক্রিয়াকলাপের ক্ষেত্রে যে কোনো বৈষম্য থাকা উচিত নয়, তার স্বপক্ষে কোন্ কোন্ যুক্তি দিয়েছেন ?

অথবা

কবি বাংলা ভাষা উচ্চারিত হলে কবিতায় একশের প্রথম ফেরির কী গুরুত্ব বুঝিয়েছেন ?

- (ii) অন্তঃপুরে থেকে পদ্মাবতী কেন বরমালা চাইলেন ?

অথবা

'গোপন হিংসা কপট রাত্রি ছায়ে' - প্রশ্ন কবিতায় রবীন্দ্রনাথ কোন্ ঘটনার প্রতি ইঙ্গিত করেছেন ?

3 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় অন্তর্নিহিত ভাবটি স্পষ্ট করুন । 2

4 মধ্যযুগের গীতিকাব্য ধারায় চৈতন্য-পূর্ববর্তী পদাবলির বৈশিষ্ট্য লিখুন । 2

5 নীচের কবিতাংশ দুটির ছন্দের নাম কী ? 2

- (i) বৃষ্টি পরে চাপুরটুপুর নদেয় এল বান ।

- (ii) রাখাল গোরুর পাল লয়ে যায় মাঠে,
শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে ।

6 নিম্নলিখিত কবিতায় স্তবকটি পড়ে প্রশ্নগুলির উত্তর দিন :

নদী কনু পান নাহি করে নিজ জল,
তরুণন নাহি খায় নিজ নিজ ফল ।
গাভী কডু নাহি করে নিজ দুগ্ধ পান,
কাণ্ড দগ্ধ হয়ে করে পরে অন্নদান ।
বংশী করে, নিজ সুরে অপরে মোহিত,
স্বর্ণ করে নিজ রূপে অপরে মোহিত ।
শস্য বাধাইয়া নাহি খায় জলবরে,
সাধুর ঐশ্বর্য শুধু পরোহিত তরে ।

প্রশ্ন :

- (ক) নদী এবং তরুর কাজ কী ? 1
- (খ) কাণ্ড দগ্ধ হয়ে কী করে ? 1
- (গ) নিজরূপে অন্যকে সাজায় কে ? 1
- (ঘ) 'সাধুর ঐশ্বর্য শুধু পরোহিত তরে' - বাক্যটির প্রকৃত অর্থ কী ? 1

7 নিম্নলিখিত গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন :

6

সোশিয়ালিস্টরা যে সমস্ত পৃথিবীময় ধনবিভাগ করে দেয় সেটা সম্ভব কি অসম্ভব জানিএ - যদি একেবারেই অসম্ভব হয় তাহলে বিধির বিধান বড়ো নিষ্ঠুর, মানুষ ভারী হত ভাগ্য। কেননা পৃথিবীতে যদি দুঃখ থাকে তো থাক কিন্তু তার মধ্যে এতটুকু ছিদ্র সম্ভাবনা রেখে দেওয়া উচিত যাতে সেই দুঃখ-মোচনের জন্য মানুষের উন্নত অংশ অবিশ্রম চেষ্টা করতে পারে, একটা আশা পোষণ করতে পারে। যারা বলে কোনো কালে পৃথিবীর সকল মানুষকে জীবনধারণের মূল আবশ্যক জিনিসও বণ্টন করে দেওয়া নিতান্ত অসম্ভব অমূলক কলানা পএ, কখনোই সকল মানুষ খেতে-পরতে পাবে না, পৃথিবীর অধিকাংশ মানুষ চিরকালই অর্ধাসনে কাটাতে, এর কোনো পথ নেই, তারা ভারী কঠিন কথা বলে।

অথবা

দমকলের ঘণ্টাও শোনাগেল। সেই সঙ্গে দমকলের কর্মীরা যখন কর্দমাক্ত বীভৎস শীর্ণ ছোটো দেহখানা তুলে আনল, তখন মহারাজ মরেগেছে। চোখদুটো খোলা, সাদা আর মুখখানা হাঁ করা। নিশ্বাস নিতে প্রাণপণে চেষ্টা করেছিল মহারাজ, কারণ মানুষ মরতে চায় না।

8 নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

- (i) গ্যালেলিয় কেন অনির্বচনীয় আনন্দ পেলেন ? 2
- (ii) আরাবর উন্নত অবস্থা কোন সময় থেকে হল এবং কতদিন পর্যন্ত স্থায়ী ছিল ? 1
- (iii) 'বৃন্দাবন দাঁড়িয়েছিল পিছনে, অপরাধীর মতো।' - বৃন্দাবন কেন অপরাধীর মতো দাঁড়িয়েছিল ? 2
- (iv) 30 শে ডিসেম্বর নববর্ষ উৎসব উদ্‌যাপনের সিদ্ধান্ত কি যথায়থ হয়েছিল ? 2

9 যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

2

- (i) 'তারপরেই সামিরগলা-ও মদন, দ্যাখসে বউ কেমন করছে'; 'আখায় কাঠ গুঁজে নামানো হাঁড়িটা চাপিয়ে দেয়'; 'ভাত খাবে মোর রাঁধা ভাত ?' - তিনটি উদ্ভূতির তিনটি শব্দের নীচে দাগ দেওয়া আছে - ও তিনটি শব্দের পূর্ণ চলিত রূপ কী কী ? সাধারণত এমন ভাষা কারা ব্যবহার করে থাকে ?
- (ii) 'তুমি আমাকে মারিতে লাঠি তুলিয়াছিলে, তুমি অদ্য হইতে তিন দিবস উপবাস করিয়া দেখো। তুমি যদি ইতি মধ্যে নমীরামবাবুর ভাণ্ডারঘরে ধরা না পড়, তবে আমাকে ঠ্যাঙাইয়া মারিয়ো, আমি আপত্তি করিব না।' - এই উক্তিটি কার ? সে কার বা কাদের প্রতিনিধি ? সে যে এই ভাষায় কথা বলেছে তা কি যুক্তিযুক্ত ?

10 নীচের অংশটি পরে প্রশ্নগুলির উত্তর দিন :

হারকিউলিস ছিল পৃথিবীর সেরা বীর। জীবনভর সে দুর্বল ও দরিদ্র লোকদের সেবা করেছে। দেবী জুনো তার প্রতি প্রসন্ন ছিলেন না। তাঁরই চক্রান্তে তাকে বড়ো বড়ো বিপদে পড়তে হয়েছে। সিংহের সঙ্গে লড়াই করতে হয়েছে, বড়ো বড়ো দৈত্যের মুখোমুখি হয়েছে। কিন্তু সে ছিল অসম সাহসী, বিপদকে সে বিপদ বলেই মনে করত না। জুনো দেখলেন যে কিছুতেই হারকিউলিসকে জন্ম করা যাচ্ছে না, তখন তিনি হারকিউলিসকে এক রাজার ক্রীতদাস করে দিলেন।

প্রশ্ন :

- (i) হারকিউলিস কে ছিলেন ? 1
- (ii) দেবী জুনোর চক্রান্ত কে সে কীভাবে মোকাবিলা করেছে ? 1
- (iii) জুনোর হারকিউলিসকে জন্ম করতে না পারার কারণ কী ? 1
- (iv) জুনো হারকিউলিসকে কী করলেন তখন ? 1

11 'আরন্যক' উপন্যাস অবলম্বনে কুস্তার চরিত্র বর্ণনা করুন। 4

অথবা

'বাদাম গাছের তলায় বসিয়া এইসব ভাবিতে ছিলাম।' - কে, কখন এবং কী ভাবছিলেন সংক্ষেপে লিখুন।

12 যে কোন চারটি প্রশ্নের উত্তর করুন : 1×4=4

- (i) মিশরের প্রাচীন স্মৃতিস্মারক সমাধিস্থলকে কী নাম দেওয়া হয়েছে ?
- (ii) যুগল প্রসঙ্গ কে দেখে গল্পকথক আশ্চর্য হলেন কেন ?
- (iii) আসরফি কে ? সে কী প্রকৃতির ছেলে ?
- (iv) সত্যচরণকে শিয়রে বন্দুক রেখে কে ঘুমোবার পরামর্শ দিয়েছিলেন ?
- (v) 'বৃদ্ধের কথা অমান্য করিতে পারিলাম না।' - সত্যচরণ বৃদ্ধের কথা অমান্য করতে পারলেন না কেন ?

13 নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :

- (i) নীচে দাগ দেওয়া শব্দগুলির মধ্য থেকে দুটি শব্দ বেছে নিয়ে লিখুন সেগুলি বাংলা শব্দ ভাণ্ডারের কী জাতীয় শব্দ : 2
 - (ক) স্টেশনে দাঁড়িয়েই রইলুম। (খ) স্কুল শিক্ষককে সবাই সম্মান করে।
 - (গ) হাত ধরে তুমি নিয়ে চলেসখা। (ঘ) মা টেকিতে পাড় দিচ্ছেন।
- (ii) অর্থগত দিক দিয়ে নীচের বাক্যগুলি কী জাতীয় বাক্য বলুন : 2
(নির্দেশিকা প্রশ্নবোধক, ইচ্ছাবাক্য ইত্যাদি)
 - (ক) যদি তুমি যাও তবে সেও যাবে। (খ) এখুনি কাগজটা পড়ে দেখো।
- (iii) প্রত্যয় নির্ণয় করুন : (যে কোনো দুটি) 2
 - (ক) দ্রষ্টব্য; (খ) ঝাঁকুনি; (গ) সৌমিগ্রি; (ঘ) দারোয়ান।
- (iv) যে কোন দুটি সমাসবদ্ধ পদ ভেঙ্গে ব্যাসবাক্য লিখুন : 2
 - (ক) নিস্তরঙ্গ; (খ) সুভাষ-কাকা; (গ) নীলকমল; (ঘ) মধুপ।
- (v) সাধুভাষা রীতিকে চলিত রীতিতে রূপান্তর করুন : 2
 - (ক) সে কথা পূর্বে খেয়াল হয়নাই, খেয়াল হইল সুভাষ কাকিমার দরজায় আসিয়া।
 - (খ) যে যাহার কর্মফল লইয়া আসিয়াছে, ভোগ না করিয়া উপায় কী ?



14 যে কোনো একটি বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন :

4

- (i) নিত্য ব্যবহার্য দ্রব্যের দাম আকাশছোঁয়া - এ বিষয়ে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করুন।
- (ii) প্রমোটোরি ব্যবসা নাগরিকের শান্তজীবনকে বিঘ্নিত করছে কীভাবে, এবিষয়ে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করুন।

15 আপনার এলাকায় অনেকরকমের অনেক গাছ। একদিন গাছগুলিতে অনেক পাখি দেখলেন। এতে আপনার কী প্রতিক্রিয়া হল অনধিক 40 টি শব্দের মধ্যে লিখুন।

2

অথবা

একদিন রাস্তায় দেখলেন একটি বয়স্কলোক (বড়ো বড়ো চুলদাড়ি সহ) বিড় বিড় করে আবার হঠাৎ চিৎকার করে কী সব বলছে। লোকে একে দাশুপাগলা বলে ডাকে। আপনি বাবার কাছে শুনেছিলেন, এর নাম দাশরথি সেন - একদিন ধনী ছিলেন। একদিন রেস খেলতে গিয়ে সর্বস্বান্ত। এ বিষয়ে আপনার প্রতিক্রিয়া লিখুন।

16 নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লিখুন :

হে ভারতের শ্রমজীবী ! তোমরা নীরব অনবরত-নিশ্চিত পরিশ্রমের ফল স্বরূপ বাবিল, ইরান, আলেকজান্দ্রিয়া, গ্রীস, রোম, ভিনিস, জেনোয়া, বোম্বাদ, সমরকন্দ, স্পেন, পোর্তুগাল, ফরাসী, জিনেবার ওলন্দাজ ও ইংরেজের ক্রমান্বয়ে আধিপত্য ও ঐশ্বর্য। আর তুমি ? - কেভাবে একথা ! স্বামীজী ! তোমাদের পিতৃপুরুষ দুখানা দর্শন লিখেছেন। দশখানা কাব্য বানিয়েছেন, দশটা মন্দির করেছেন - তোমাদের ডাকের চোটে গগন ফটাচ্ছে; আর যাদের রণধিরস্রাবে মনুষ্যজাতির যা কিছু উন্নতি - তাদের গুনগান কে করে ?

প্রশ্ন :

- (ক) পূর্বপুরুষরা কী কী করেছেন ? 1
- (খ) অংশটিতে পরপর যে দেশগুলির উল্লেখ করা হয়েছে, তার কারণ কী ? 1
- (গ) 'তাদের গুণগান কে করে ?' - তাদের বলতে কাদের বলা হয়েছে এবং কেন একটি বাক্যে উত্তর লিখুন। 1

- 17 নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন : 4
- (i) নীচ দৈনিক প্রয়োজনীয় কয়েকটি জিনিস, তাদের পরিমাণ এবং কেজি হিসেবে দাম নির্দিষ্ট করা হল। একটি তালিকা তৈরি করে দেখান এগুলি কিনতে গিয়ে মোট কত দাম পড়ল - চাল-12 কেজি (33 টাকা প্রতি কেজি), ডাল-2 কেজি (প্রতি কেজি 120 টাকা), মাছ-1 কেজি (280 টাকা কেজি), আলু-2 কেজি (কেজি প্রতি 16 টাকা), সবজি-মোট $1\frac{1}{2}$ কেজি (সব রকমের - গড় দাম কেজি প্রতি 25 টাকা), আম-2 কেজি (প্রতি কেজি 35 টাকা)।
- (ii) চা তৈরির প্রক্রিয়াটি প্রবাহ চিত্রের (Flow Chart) সাহায্যে দেখান। এই চা তিনজন অতিথির জন্য নির্দিষ্ট।
- 18 যে কোন একটি বিষয়ের ওপর একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করুন : 8
- (i) একটি নদীর আত্মকথা
(ii) জনজীবনে দূরদর্শনের প্রভাব
(iii) বইমেলায় আপনার অভিজ্ঞতা
(iv) জীবনচরিত পাঠের উপকারিতা।
- 19 চিঠি লেখার রীতিনীতি মেনে একটি বিষয়ে একটি চিঠি লিখুন : 4
- আপনার অনেক বন্ধুর মধ্যে একজনের সঙ্গে গভীর সম্পর্ক - কোনো একটি সামান্য কারণে বন্ধু বিচ্ছেদ - পরে নিজের ভুল বুঝতে পেরে অনুশোচনায় দগ্ধ হয়ে তাকে একটি চিঠি লিখুন।
- অথবা
- আপনি হস্টেলে থাকেন, বাবার চিঠিতে জানলেন খুবই অসুস্থ, শয্যাশায়ী - আপনার উৎকণ্ঠা জানিয়ে একটি চিঠি লিখুন।
- 20 নীচের অনুচ্ছেদ বা স্তবকটির সারাংশ লিখুন : 3
- দেশ সম্বন্ধে একটি কথা খুব স্পষ্ট করে বুঝতে হবে - দেশটা কেবল মাটি দিয়ে গড়া নয়, মানুষ দিয়েও গড়া। দেশকে ভালোবাসতে হলে সর্বাগ্রে দেশের মানুষকে ভালোবাসতে হবে। মনে রাখতে হবে যে, দেশের সব চাইতে বড়ো হল দেশের মানুষ, দেশের জনবল একটা মস্ত বল। ভারতবর্ষ আকারে কত বড়ো-তাতো আমাদের জানা আছে। জনসংখ্যার দিক দিয়েও ভারতবর্ষ পৃথিবীর বৃহত্তম দেশগুলির অন্যতম। এদেশে প্রায় ষাট কোটি লোকের বাস (এখন প্রায় একশো কুড়ি কোটি)। কিন্তু সংখ্যাতেই সবসময় কাজ হয়না। দেখছ তো পাঁচ কোটি ইংরেজ চম্পিশ কোটি ভারতবাসীর উপর কতবৎসর রাজত্ব করেগেল। এর একমাএ কারণ, আমাদের নিজেদের মধ্যেই মিল ছিলনা।
- অথবা
- এইসব মুঢ় ম্লান মুখে
দিতে হবে ভাষা : এইসব শ্রান্ত শূণ্যক ভগ্ন বৃকে
ধবনিয়া তুলিতে হবে আশা, ডাকিয়া বলিতে হবে
মুহূর্তে তুলিয়াশির একএ দাঁড়াও দেখি সবে,
যার ভয়ে ভীত তুমি, সে অন্যায় - ভীরা তোমা বিয়ে,
যখনই জাগিবে তুমি, তখনই সে পলাইবে ধৈর্যে।

বিভাগ - খ

(পর্যটন)

- | | | |
|----|---|---|
| 21 | এশিয়ার সবচেয়ে বড়ো দূষণমুক্ত হ্রদ কোনটি ? | 1 |
| 22 | ভারতের বৃহত্তম ম্যানগ্রোভ অঞ্চলের নাম কী ? | 1 |
| 23 | পথের ধারে হোটেল ও গাড়ি রাখার সুবিধেযুক্ত জায়গাকে কী নাম দেওয়া হয়েছে ? | 1 |
| 24 | ট্যুর পরিচালনা কি ভাবে করা উচিত বলে আপনি মনে করেন 6/7 টি বাক্যে লিখুন। | 5 |
| 25 | পর্যটনকে শিল্প বলা যায় কি ? কেন এবং এর অর্থনৈতিক গুরুত্বই বা কতখানি ? কতরকমের পর্যটন রয়েছে বলে মনে হয় ? সাধারণত কারা কারা এর সঙ্গে-যুক্ত থাকেন শুধু নাম উল্লেখ করুন। | 7 |

বিভাগ - গ

(গর্নজাপন)

- | | | |
|----|--|-------|
| 21 | সংবাদপত্রের বিশ্বাসযোগ্যতা বলতে কী বোঝায় ? | 1 |
| 22 | (ক) গর্নজাপনের সংজ্ঞা একটি বাক্যে লিখুন। | 1 |
| | (খ) গনমাধ্যম হিসেবে নোঁটাজিকর ভূমিকা কী ? | 2 |
| 23 | (ক) দুটি চিরাচরিত গনমাধ্যমের নাম উল্লেখ করুন। | 1 |
| | (খ) বাস্তবভিত্তিক অনুষ্ঠানের দুটি দৃষ্টান্ত দিন। | 2 |
| 24 | জীবনশৈলী চ্যানেল বলতে কি বোঝায় ? তিনটি উদাহরণ দিন। | 1+3=4 |
| 25 | গনমাধ্যমের উপযুক্ত লক্ষ ও দৃষ্টিভঙ্গি কী ? এদের অভাবে কী বিরূপ প্রতিক্রিয়া হতে পারে ? | 1+3=4 |

